



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. Sylhetboard.gov.bd, sylschoolsection@gmail.com



স্মারক নং : সিশিবো/বিদ্যা/ ছাড়পত্র/২০২০/৭৫৮

তারিখ:

৩০ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ

১৪ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

মাধ্যমিক পর্যায়ে ছাড়পত্রের (T.C) মাধ্যমে ভর্তির জন্য আবেদনের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক পর্যায়ে ছাড়পত্রের মাধ্যমে অত্র বোর্ডের আওতাধীন এক প্রতিষ্ঠান হতে অন্য প্রতিষ্ঠানে ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.sylhetboard.gov.bd)-এ গিয়ে Online Application এর e-TC মেন্যুতে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে আবেদন করতে পারবে। আবেদন Submit হওয়ার পর শিক্ষার্থী মোবাইল নম্বরে একটি গোপনীয় Security Code সহ SMS পাবে এবং এই Security Code দিয়ে পরবর্তীতে আবেদনের Update জানতে পারবে।

২। শিক্ষার্থী আবেদন করার পর অধ্যয়নরত প্রতিষ্ঠান একটি SMS পাবে। তারপর প্রতিষ্ঠান বোর্ডের ওয়েব সাইটে গিয়ে 'Institutional panel' মেন্যুতে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN এবং রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত পাসওয়ার্ড দিয়ে Log in করে তথ্যাদি যাচাই পূর্বক আবেদনটি ফরোয়ার্ড করবে।

৩। প্রথম প্রতিষ্ঠান আবেদনটি ফরোয়ার্ড করার পর TC এর মাধ্যমে ভর্তিচ্ছুক প্রতিষ্ঠান একটি SMS পাবে। তখন ভর্তিচ্ছুক প্রতিষ্ঠান 'Institutional panel' ক্লিক করে প্রথম প্রতিষ্ঠানের ন্যায় আবেদনটি ফরোয়ার্ড করবে। আবেদন ফরোয়ার্ড হওয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে। SMS প্রাপ্তির ০২(দুই) দিনের মধ্যে “আবেদনের সর্বশেষ অবস্থা” থেকে 'Sonali Slip' প্রিন্ট করে আবেদন ফি সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে। নির্ধারিত সময়ে ফি জমা না দিলে আবেদনটি বাতিল হয়ে যাবে।

৪। TC এর আবেদন বোর্ড কর্তৃক অনুমোদিত হলে আবেদনকারী একটি SMS পাবে। তখন বোর্ডের ওয়েব সাইটে গিয়ে Online Application এর e-TC মেন্যু থেকে “আবেদনের সর্বশেষ অবস্থা” বাটনে ক্লিক করে TC অর্ডার প্রিন্ট করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে।

বিঃদ্রঃ অত্র শিক্ষা বোর্ড হতে ছাড়পত্রের মাধ্যমে অন্য শিক্ষা বোর্ডের অধীনে ভর্তির নিমিত্তে TC আবেদন অনলাইনে করা যাবে না। তজ্জন্য নির্ধারিত ফর্মে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

অবগতি ও কার্যার্থেঃ

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ২। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।